গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
www.bbagc.edu.bd

ই-মেইল : bbacollege@gmail.com

তারিখ: ২০/০১/২০২৬ খ্রি.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) শ্রেণীর ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং ঃ -১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২৩-২০২৪/৫৭০১ তারিখ: ১৯/০১/২০২৬ মোতাবেক ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) শ্রেণির ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন করতে আগ্রহী শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মার্স্টাস শেষ পর্ব (নিয়মিত) শ্রেণির অনলাইন প্রাথমিক আবেদন **২২ জানুয়ারী ২০২৬ বিকাল ৪টা থেকে ১৯ ফেব্রুয়ারী ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে।** আগ্রহী শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট http://app11.nu.edu.bd/-এ প্রবেশ করে প্রাথমিক আবেদন সংগ্রহ করতে হবে। আবেদন ফরম দাখিলের সময় প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আপলোড করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন দাখিলের পর কলেজের ওয়েবসাইট http://bbagc.eshiksabd.com/ হতে প্রাথমিক আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতিত) **"নগদ Bill Pay", "বিকাশ Education Fee" বা "উপায় Education Fee"** এর মাধ্যমে পরিশোধের অনুমোদন নিতে হবে। অনুমোদন গ্রহণের পর আগামী **২২/০২/২০২৬ তারিখ রবিবার বিকাল ০৪:০০ টার** মধ্যে প্রাথমিক আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা পরিশোধ করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন ফি ১০০০/- (এক হাজার) টাকা জমার রশিদ ভবিষ্যতের প্রয়োজনে শিক্ষার্থীর নিকট সংরক্ষণ করতে হবে।

### জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রাথমিক আবেদন ও ভর্তি পরীক্ষা সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ বিষয় ও তারিখ

| ক্রমিক | বিবরণ | ওয়েবসাইট/ স্থান | তারিখ |
|---|---|---|---|
| ১. | প্রাথমিক আবেদন ফরম পূরণ | http://app11.nu.edu.bd/ | ২২/০১/২০২৬ হতে ১৯/০২/২০২৬ পর্যন্ত |
| ২. | আবেদন ফি পরিশোধের অনুমোদন | http://bbagc.eshiksabd.com/ | ২৪/০১/২০২৬ হতে ২২/০২/২০২৬ তারিখ রবিবার বিকাল ০৪:০০ টা পর্যন্ত |
| ৩. | প্রাথমিক আবেদন ফি জমাদান | Bkash, Nagad অথবা Upay App-এর মাধ্যমে | |

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত প্রক্রিয়া:-**

ধাপ ১: http://app11.nu.edu.bd/ ওয়েবসাইটে প্রবেশ করে **Apply Now (Masters Reg.)**-এ ক্লিক করতে হবে।
ধাপ ২: Application Form এর চাহিত সকল তথ্য, ছবি **(সাদা অথবা নীল ব্যাকগ্রাউন্ডে রঙ্গিন ছবি, পূর্ণ সম্মুখ থেকে তোলা, যাতে শিক্ষার্থীর দুই কান ও দুই চোখ একই সাথে দৃশ্যমান হয়)** ও মোবাইল নম্বর সঠিকভাবে দিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে।
ধাপ ৩: সঠিকভাবে তথ্য সরবরাহের পর Save এ ক্লিক করে ভর্তি ফরমটি ডাউনলোড করতে হবে এবং ভবিষ্যতের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে।

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন ফরম পূরণের পর আবেদন ফি পরিশোধের অনুমোদন গ্রহণ সংক্রান্ত প্রক্রিয়া:-**

ধাপ ১ : http://bbagc.eshiksabd.com/ ওয়েবসাইটে User Name: bbagcstudent Password: bbagcstudent দিয়ে লগইন করতে হবে।
ধাপ ২ : **Apply for Application Form**-এ সিলেক্ট করতে হবে।
ধাপ ৩ : Select Application Group হতে Admission Honos নির্বাচন করতে হবে।
ধাপ ৪ : NU Admission Roll-এ জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদন-এর রোল সঠিকভাবে লিখতে হবে।
ধাপ ৫ : Student Name-এ ইংরেজিতে SSC-এর সনদ অনুসারে শিক্ষার্থীর নাম সঠিকভাবে লিখতে হবে।
ধাপ ৬ : Mobile Number-এ শিক্ষার্থীর/ অভিভাবকের মোবাইল নম্বর সঠিকভাবে লিখতে হবে।
ধাপ ৭ : সঠিকভাবে তথ্য সরবরাহের পর Submit এ ক্লিক করতে হবে।

**প্রাথমিক আবেদন ফি জমাদান প্রক্রিয়া:**

ধাপ ১: Bkash, Nagad অথবা Upay App-এ Login করতে হবে।
ধাপ ২: **নগদ এর ক্ষেত্রে Bill Pay, বিকাশ অথবা উপায় এর ক্ষেত্রে Education Fee সিলেক্ট করতে হবে।**
ধাপ ৩: শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Bhawal Badre Alam Govt. College **সিলেক্ট করতে হবে।**
ধাপ ৪: Student ID-এ Admission Roll (প্রাথমিক আবেদন-এর Admission Roll) লিখতে হবে।
ধাপ ৫: শিক্ষার্থীর নাম ও নির্ধারিত টাকার পরিমাণ যাচাই করে সঠিক থাকলে ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।

**ভর্তি ফি পরিশোধ সংক্রান্ত প্রয়োজনে ০২২২৪৪২৩৩৪৯ নম্বরে (অফিস চলাকালীন সময়ে) যোগাযোগ করার জন্য বলা হলো।**

**বিশেষ দ্রষ্টব্য :**

১) আবেদন ফি পরিশোধ ব্যতিত প্রাথমিক আবেদন নিশ্চয়ন (Confirm) হবে না।
২) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমাকৃত টাকার রশিদ সংরক্ষণ করতে হবে।
৩) প্রাথমিক আবেদনের যাবতীয় প্রক্রিয়া অনলাইনে সম্পাদিত হওয়ায় কোন শিক্ষার্থীকে এ সংক্রান্ত কাজে কলেজ ক্যাম্পাসে আসতে হবে না।

20.01.26
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারী কলেজ
গাজীপুর।